কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/ তারিখ: ২৪/১১/২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে 'উদ্যোগ (UDYOG)' শীর্ষক তরুণ উদ্যোক্তা উন্নয়ন ও অর্থায়ন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে 'উদ্যোগ (UDYOG): উপজেলাভিত্তিক তরুণ উদ্যোক্তা অনুসন্ধান, চিহ্নিতকরণ ও অর্থায়ন কর্মসূচি বিষয়ক প্রচারণামূলক কর্মশালা'অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৪ নভেম্বর ২০২৬) কুমিল্লা আদর্শ সদর ও সদর দক্ষিণ উপজেলায় কার্যরত সকল তফসিলি ব্যাংকের আয়োজনে বিশ্ববিদ্যালয়ে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে লিড ব্যাংক হিসেবে দায়িত্ব পালন করে এবি ব্যাংক পিএলসি (আদর্শ সদর উপজেলা) এবং পূবালী ব্যাংক পিএলসি (কুমিল্লা সদর দক্ষিণ)।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা করেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ আমজাদ হোসেন সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও রসায়ন বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. মোঃ শাহাদাৎ হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মোহাম্মদ জুলহাস উদ্দিন।

প্রধান অতিথির বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ আমজাদ হোসেন সরকার বলেন, দেশে বিপুলসংখ্যক শিক্ষিত বেকারত্ব দূর করে কর্মসংস্থান সৃষ্টি করাই বর্তমান সময়ের বড় চ্যালেঞ্জ। তিনি শিক্ষার্থীদের কেবল চাকরিপ্রার্থী না হয়ে উদ্যোক্তা ও চাকরিদাতা হওয়ার মানসিকতা গড়ে তোলার আহ্বান জানান। বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যৎ পরিকল্পনার কথা উল্লেখ করে তিনি জানান, ২০০ একরের নতুন গ্রিন ক্যাম্পাসে স্থানান্তরের পর ছাত্র উদ্যোক্তাদের জন্য বিনামূল্যে জমি বরাদ্দ দেওয়া হবে এবং পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের (পিপিপি) মাধ্যমে বিভিন্ন উৎপাদনমুখী উদ্যোগ চালু করা হবে। এ সময় তিনি শিক্ষার্থীদের উদ্যোক্তা হওয়ার পথে চক্রবৃদ্ধি সুদের ভয় দূর করতে সহজ শর্তে ও সহনীয় কিস্তিতে ঋণ প্রদানের জন্য ব্যাংক কর্মকর্তাদের প্রতি অনুরোধ জানান।

বিশেষ অতিথির বক্তব্যে প্রক্টর অধ্যাপক ড. মোঃ শাহাদাৎ হোসেন বলেন, তরুণরাই দেশের প্রাণ এবং তাদের দক্ষ মানবসম্পদে রূপান্তর করতে পারলেই অর্থনীতি বদলে যাবে। পড়াশোনা শেষে কেবল চাকরির পেছনে ছুটে মূল্যবান সময় নষ্ট না করে সৃজনশীল উদ্যোগ নেওয়ার পরামর্শ দিয়ে তিনি বলেন, একজন উদ্যোক্তা নিজে স্বাবলম্বী হওয়ার পাশাপাশি আরও অনেক পরিবারের কর্মসংস্থান সৃষ্টি করেন। যেকোনো কাজকে সম্মান করার সামাজিক দৃষ্টিভঙ্গি গড়ে তোলার পাশাপাশি ঋণ প্রাপ্তির ক্ষেত্রে কাগজপত্র ও প্রক্রিয়াগত জটিলতা কমিয়ে তা আরও সহজ করার জন্য তিনি ব্যাংক সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। একই সঙ্গে সব কাজের নেপথ্যে দেশপ্রেমকে সবচেয়ে বড় শক্তি হিসেবে উল্লেখ করেন তিনি।

সভাপতির বক্তব্যে ড. মোহাম্মদ জুলহাস উদ্দিন তরুণ-তরুণীদের স্বাবলম্বী করতে বাংলাদেশ ব্যাংকের পরিচালনায় ও তফসিলি ব্যাংকগুলোর মাধ্যমে গৃহীত এ কর্মসূচিকে সাধুবাদ জানান। তিনি শিক্ষার্থীদের কর্মশালার দ্বিতীয় পর্বে ব্যাংক কর্মকর্তাদের স্লাইড প্রেজেন্টেশন মনোযোগ দিয়ে শুনে ঋণ ও প্রণোদনা পাওয়ার প্রক্রিয়া ও শর্তাবলি সম্পর্কে স্পষ্ট দিকনির্দেশনা নেওয়ার আহ্বান জানান। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা যেন সহজ শর্তে প্রণোদনা ও ঋণ সহায়তা পেতে পারেন, সে বিষয়ে ব্যাংক কর্মকর্তাদের সর্বোচ্চ সহযোগিতা কামনা করেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের যুগ্ম পরিচালক রাশেদুল ইসলাম, এবি ব্যাংকের এসিভিপি আশীষ কুমার দেবনাথ, পূবালী ব্যাংকের ডিজিএম মইনুল ইসলামসহ কুমিল্লা আদর্শ সদর ও সদর দক্ষিণ উপজেলার বিভিন্ন তফসিলি ব্যাংকের কর্মকর্তা, আঞ্চলিক প্রধানগণ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও সাংবাদিকবৃন্দ। কর্মশালার দ্বিতীয় পর্বে বিভিন্ন ব্যাংকের কর্মকর্তারা স্লাইড প্রেজেন্টেশনের মাধ্যমে তরুণ উদ্যোক্তাদের জন্য অর্থায়ন ও ঋণ প্রাপ্তির প্রক্রিয়া তুলে ধরেন।

(মোহাম্মদ এমদাদুল হক)
ডেপুটি রেজিস্ট্রার
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য),কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য),কুবি।
৪. সংশ্লিষ্ট নথি।